



গণতান্ত্রিক প্রতিবাদকে হঠকারিতা বলা হচ্ছে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

দেশে মতপ্রকাশের সুযোগ ধীরে ধীরে সীমিত হয়ে আসছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম। গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার মতো যৌক্তিক দাবিতে গণতান্ত্রিক প্রতিবাদও এখন হঠকারিতা হিসেবে দেখানো হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

সোমবার (১৭ আগস্ট) রাজধানীর একটি হোটেলে ডেমোক্রেটিক জার্নালিস্ট অ্যালায়েন্স আয়োজিত ‘সাংবাদিকের চোখে জুলাই’ শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, জনগণের প্রয়োজনীয় সেবা নিশ্চিত করার দাবিতে শান্তিপূর্ণভাবে প্রতিবাদ করার অধিকার সবার রয়েছে। কিন্তু এ ধরনের কর্মসূচিকেও নেতিবাচকভাবে উপস্থাপন করা হচ্ছে। সরকারের দায়িত্ব হলো জনগণের জন্য গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।

তিনি বলেন, দেশে বর্তমানে মতপ্রকাশের কিছু সুযোগ থাকলেও ভবিষ্যতে এই পরিবেশ কতটা বজায় থাকবে, তা নিয়ে উদ্বেগ রয়েছে। গণতান্ত্রিক পরিসর সংকুচিত হলে তা ঠেকাতে রাজনৈতিক দলসহ সমাজের সবাইকে ভূমিকা রাখতে হবে।

বিরোধী দল সংসদের ভেতরে ও বাইরে জনগণের বিভিন্ন দাবি নিয়ে কথা বলবে জানিয়ে নাহিদ ইসলাম বলেন, রাজনৈতিক প্রতিবাদকে কোনোভাবেই সহিংসতা বা ভাঙচুরের সঙ্গে এক করে দেখা উচিত নয়। বিরোধী দলের কর্মসূচিকে বাস ভাঙচুরের মতো ঘটনার সঙ্গে যুক্ত করে মামলা বা গ্রেপ্তারের পরিস্থিতি তৈরি করা হলে তা গণতন্ত্রের জন্য উদ্বেগের কারণ হবে। তিনি আরও বলেন, রাজনৈতিক দলগুলোর যেমন নিজস্ব দায়িত্ব রয়েছে, তেমন সাংবাদিকদেরও দায়িত্ব হচ্ছে কোনো ধরনের চাপ বা পক্ষপাতের বাইরে থেকে সত্য ও নিরপেক্ষ তথ্য তুলে ধরা।

আলোচনা সভায় ২০২৪ সালের জুলাই আন্দোলন এবং পরবর্তী সময়ে মার্চপর্যায়ে সাংবাদিকদের কাজের অভিজ্ঞতা ও বিভিন্ন চ্যালেঞ্জ নিয়েও আলোচনা করেন উপস্থিত সাংবাদিকরা।